২০/১০/২০০৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ ........
পৃষ্ঠা ২ কলাম ৩

# জাতীয় বিশ্ববিদ্যালয়ভুক্ত দুই শ' কলেজে এবার থেকেই চার বছরের অনার্স কোর্স

শরিফুজ্জামান পিন্টু

দেশের প্রায় সব ক'টি বিশ্ববিদ্যালয়ের মতো জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনার্স পাঠদানকারী প্রায় দু'শ' কলেজে এই প্রথম চলতি শিক্ষাবর্ষ থেকে চার বছরের অনার্স কোর্স চালু হচ্ছে। ছাব্বিশটি অনার্স বিষয়ে প্রায় ৪০ হাজার ছাত্রছাত্রীকে এ বছর থেকেই কলেজে ভর্তি হতে হবে চার বছরের অনার্স কোর্সে। গত ৬ সেপ্টেম্বর প্রকাশিত ফলে যারা এইচএসসি পাস করেছে তাদের মধ্যে যারা অনার্স পড়তে চায় তাদের দেশের কোথাও তিন বছরের অনার্স কোর্স পড়ার সুযোগ আর থাকছে না। ডিসেম্বরের শেষ বা জানুয়ারির প্রথম দিকে ভর্তি পরীক্ষার মাধ্যমে কলেজগুলোতে অনার্স প্রথমবর্ষে ছাত্রভর্তি করা হবে বলে জানা গেছে।

অনার্স লেভেলে দু'টি ধারার বিলোপ, চাকরি বাজারের প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয় গ্র্যাজুয়েটদের মতো কলেজ গ্র্যাজুয়েটদের যোগ্য করা, সিলেবাসে ভারসাম্য বজায় প্রভৃতি লক্ষ্যে কলেজ পর্যায়ে তিন বছরের পরিবর্তে চার বছরের অনার্স কোর্স চালুর সিদ্ধান্ত হয়েছে। এর পাশাপাশি জাতীয় বিশ্ববিদ্যালয় মাস্টার্সের মতো অনার্স পাঠদানকারী কলেজের প্রথমবর্ষে ভর্তি পরীক্ষা পরিচালনার চিন্তাভাবনা করছে। দেশের মেডিক্যাল কলেজের মতো সকল অনার্স কলেজের ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে নেয়া যায় কিনা সে ব্যাপারেও প্রাথমিক আলাপ-আলোচনা চলছে। একই প্রশ্নে, একই দিনে সারা দেশে কলেজগুলোর ভর্তি পরীক্ষা সম্পন্ন করতে গেলে একটি অসুবিধা হচ্ছে ভর্তিচ্ছুদের জন্য বিকল্প কোন পথ খোলা থাকে না। এই পরিপ্রেক্ষিতে দু'টি গ্রুপে পৃথক পৃথক দিনে পরীক্ষা নেবার প্রস্তাব এসেছে। সরকারী কলেজে একদিন এবং বেসরকারী কলেজে আরেকদিন পৃথক প্রশ্নে ভর্তি পরীক্ষা নেয়া হলে ভর্তিচ্ছুরা যে কোন ক্যাটাগরিতে অথবা উভয় ক্যাটাগরিতে পরীক্ষা দেবার সুযোগ পাবে। অথবা সব কলেজকে দু'টি গ্রুপে ভাগ করে পৃথক পৃথক দিনে ভর্তি পরীক্ষা নেয়া যায় বলে অনেকের অভিমত।

জানা যায়, প্রতিযোগিতায় টিকে থাকা এবং উচ্চ শিক্ষার ধারায় বিশ্ববিদ্যালয় ও কলেজের মধ্যে সমতা আনার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত অনার্স পাঠদানকারী কলেজে চার বছরের অনার্স কোর্স চালুর সিদ্ধান্ত নেয়া হয়েছে। আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষায় ও সার্টিফিকেটে সমতা আনার জন্য দেশের প্রায় সব বিশ্ববিদ্যালয়ে চার বছরের অনার্স কোর্স চালু করা হয়েছে। ফলে বিশ্ববিদ্যালয় থেকে বের হওয়া গ্র্যাজুয়েটদের সঙ্গে কলেজ গ্র্যাজুয়েটদের সৃষ্টি হচ্ছে বৈষম্য। একই দেশে টিকে আছে শিক্ষার দু'টি ধারা। চাকরির বাজারে কলেজ গ্র্যাজুয়েটরা উপেক্ষিত হচ্ছে। বিশ্ববিদ্যালয় গ্র্যাজুয়েটরা পড়ছে বেশি, শিখছে বেশি এবং প্রতিযোগিতামূলক চাকরির বাজার, বিশেষ করে শিক্ষকতায় তারা ভাল করছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ফিরোজ আহমদ আখতার বলেন, দেশে-বিদেশে সব বিশ্ববিদ্যালয়ে এখন চার বছরের অনার্স কোর্স চালু রয়েছে। একই দেশে শিক্ষার দু'টি ধারা পাশাপাশি থাকা উচিত নয় বলে তিনি অভিমত প্রকাশ করেন। তাছাড়া বর্তমান সময়ে অনার্সে যে পরিমাণ পাঠ্য তা তিন বছরে শেষ করা যায় না।